# পলিসি ব্রিফ
# ৮৫/ ২০১৯

জুলাই ২০১৯

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# ঢাকা ওয়াসা: সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) স্থানীয় ও জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ বিভিন্ন খাত ও প্রতিষ্ঠানের ওপর সুশাসন সহায়ক গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রম পরিচালনা করছে। টিআইবি-র অগ্রাধিকার খাতগুলোর মধ্যে পানি খাত অন্যতম। টিআইবি বিভিন্ন সময়ে পানি খাত সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ গবেষণা কার্যক্রমের মধ্যে চট্টগ্রাম ওয়াসা (২০০৭), পানি ব্যবস্থাপনায় শুদ্ধাচার বিষয়ক বেইজলাইন (২০১৪), খুলনার ময়ুরনদী ও সংযোগ খাল রক্ষা (২০১৫), টেক্সটাইল শিল্প খাতে বর্জ্য পানি শোধনাগারের ব্যবহার ও কার্যকরতা (২০১৭) অন্যতম। পানি ব্যবস্থাপনায় শুদ্ধাচার বিষয়ক বেইজলাইন গবেষণায় পানি খাতে সুশাসনের অংশ হিসেবে ঢাকা ওয়াসা অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে ঢাকা ওয়াসার সুশাসন নিয়ে একটি পূর্ণাঙ্গ গবেষণার চাহিদা তৈরি হয়। এরই অংশ হিসেবে টিআইবি "ঢাকা ওয়াসা: সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়" শীর্ষক গবেষণা কার্যক্রমটি পরিচালনা করে যা ২০১৯ সালের ১৭ এপ্রিল প্রকাশ করা হয়।

সাম্প্রতিক সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন কার্যক্রম ও উদ্যোগের ফলে পূর্বের তুলনায় উল্লেখযোগ্য ইতিবাচক পরিবর্তন সত্ত্বেও পানি ও পয়নিষ্কাশন সেবায় এখনও ব্যাপক সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ বিদ্যমান। ঢাকা ওয়াসার ভিশন ও মিশন অনুযায়ী ক্রমবর্ধমান জনসংখ্যার পানির চাহিদা পূরণ, টেকসই ও পরিবেশ বান্ধব পানির উৎপাদন এবং পয়নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিতকরণে সক্ষমতার ঘাটতি রয়েছে। এছাড়া এলাকাভেদে পানি ও পয়নিষ্কাশন সেবার মানের তারতম্য ও ন্যায্যতার ঘাটতি বিদ্যমান। সার্বিকভাবে পানি ও পয়নিষ্কাশন সেবার নিম্নমানের কারণে প্রায় এক-তৃতীয়াংশের বেশি সেবাগ্রহীতার অসন্তুষ্টি রয়েছে। এই গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে টিআইবি ঢাকা ওয়াসাকে অধিকতর সেবাধর্মী ও কার্যকর প্রতিষ্ঠানে পরিণত হতে সহায়ক ভূমিকা পালন এবং ঢাকা ওয়াসার সেবা উন্নত ও টেকসইকরণ এবং অনিয়ম ও দুর্নীতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিবেচনার জন্য এই পলিসি ব্রিফটি উপস্থাপন করছে।

## ১. আইন ও নীতি প্রণয়ন এবং বাস্তবায়ন সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. পানি ও পয়নিষ্কাশন সেবার মূল্য নির্ধারণে স্বতন্ত্র রেগুলেটরি কমিশন গঠন করতে হবে; এ কমিশন গণশুনানি আয়োজনের মাধ্যমে জনমতের ভিত্তিতে পানি ও পয়নিষ্কাশন সেবার মূল্য নির্ধারণ করবে এবং মূল্য নির্ধারণে প্রগ্রেসিভ ট্যারিফ ব্যবস্থা চালুসহ ন্যায্যতা নিশ্চিত করবে। | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা ওয়াসা |
| ২. ঢাকা ওয়াসা আইনের কার্যকর প্রয়োগের ক্ষেত্রে ওয়াসা বোর্ডের ক্ষমতা ও দায়িত্ব নিশ্চিত করতে নিরপেক্ষ ও প্রভাবমুক্ত ব্যক্তিদের সমন্বয়ে বোর্ড গঠন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৩. জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ঢাকা মহানগরীর ড্রেনেজ ব্যবস্থাপনা একাধিক কর্তৃপক্ষের কাছে না রেখে একটি একক কর্তৃপক্ষের নিকট ন্যস্ত করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৪. চুক্তিভিত্তিক পদগুলোতে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, পেশাগত অভিজ্ঞতা, বয়স ইত্যাদিসহ সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ঢাকা ওয়াসা |

## ২. জনবল ও লজিস্টিকস সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. শূন্য পদগুলোতে অগ্রাধিকার ভিত্তিতে জনবল নিয়োগের পাশাপাশি প্রযোজ্যক্ষেত্রে অটোমেশনের মাধ্যমে জনবলের ঘাটতি পূরণ করতে হবে এবং অর্গানোগ্রাম হালনাগাদ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা ওয়াসা |
| ২. প্রধান কার্যালয় ও মড্স্জোনগুলোতে প্রয়োজনীয় লজিস্টিকস এবং পরিদর্শনের জন্য পরিবহন সুবিধা নিশ্চিত করতে হবে। | ঢাকা ওয়াসা |

## ৩. জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. মাঠ পর্যায়ের সেবা কার্যক্রম, খাল পরিদর্শন, রাজস্ব আদায়, ড্রেনেজ ব্যবস্থাপনার সুষ্ঠু তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।<br>২. ঢাকা ওয়াসার কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতিরোধে ইতিবাচক ও নেতিবাচক প্রণোদনার ব্যবস্থা চালু করতে হবে। এছাড়া অসাধু কর্মচারীদের চিহ্নিত করে জবাবদিহিতার আওতায় আনতে হবে। | ঢাকা ওয়াসা |

## ৪. টেকসই ও পরিবেশবান্ধব পানির উৎপাদন ব্যবস্থা সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. ভূগর্ভস্থ পানির ওপর চাপ কমাতে টেকসই ও পরিবেশ বান্ধব পানির উৎপাদন ব্যবস্থা নিশ্চিতে বৃষ্টির পানি ধারণ, সংরক্ষণ ও ব্যবহারের পাশাপাশি ভূপরিস্থ পানির ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২. পানি শোধনাগার প্রকল্পসমূহের কাজ দ্রুততার সাথে শেষ করতে হবে। | ঢাকা ওয়াসা |

## ৫. পানির মান ও পয়সেবা সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. নিরাপদ ও মানসম্মত পানি সরবরাহ করার লক্ষ্যে পানি সরবরাহ লাইনের সংস্কার ও রক্ষণাবেক্ষণ করতে হবে।<br>২. নিরাপদ ও নিরবচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে সারা ঢাকা মহানগরীতে ডিস্ট্রিক্ট মিটারড্ এরিয়া (ডিএমএ) স্থাপন দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে।<br>৩. পানি ও পয়বর্জ্য নিষ্কাশনের লক্ষ্যে নতুন পয়লাইন তৈরিসহ বিদ্যমান লাইনের যথাযথ সংস্কার ও রক্ষণাবেক্ষণ করতে হবে। | ঢাকা ওয়াসা |

## ৬. সেবার মান উন্নয়ন ও গ্রাহক পুনর্নিবেশ ব্যবস্থা সংক্রান্ত

| করণীয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১. ওয়েব সাইটে সেবা সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করা এবং সেবা সংক্রান্ত গৃহীত উদ্যোগ সম্পর্কে প্রচারণা বাড়াতে হবে।<br>২. সমস্যা সমাধান ও সেবার মানের উন্নতিকল্পে প্রতি তিন মাস অন্তর গণশুনানির আয়োজন এবং গণশুনানিতে উত্থাপিত অভিযোগসমূহের দীর্ঘমেয়াদী সমাধান করতে হবে।<br>৩. সেবার মান যাচাই ও উন্নতিকল্পে একটি নির্দিষ্ট সময় অন্তর সেবার মান মুল্যায়ন ব্যবস্থা প্রবর্তন করতে হবে। | ঢাকা ওয়াসা |

## পলিসি ব্রিফ প্রসঙ্গে

জাতীয় ও তৃণমূল পর্যায়ে নাগরিকদের দুর্নীতির বিরুদ্ধে সচেতন ও সক্রিয় করা এবং দেশে দুর্নীতিবিরোধী চাহিদা সৃষ্টির লক্ষ্যে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ১৯৯৬ সাল থেকে বহুবিধ গবেষণা, প্রচারণা, অ্যাডভোকেসি ও জনসম্পৃক্ততামূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। জাতীয় পর্যায়ে নিবিড় অ্যাডভোকেসি কার্যক্রম গ্রহণ এবং স্থানীয় পর্যায়ে বিস্তৃত নাগরিক সম্পৃক্ততার মাধ্যমে 'বিল্ডিং ইন্টেগ্রিটি ব্লকস ফর ইফেক্টিভ চেইঞ্জ' প্রকল্পটি জাতীয় ও স্থানীয় পর্যায়ে বিদ্যমান নীতি, আইন ও নিয়ম-কানুন কার্যকর প্রয়োগের ক্ষেত্রে ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

টিআইবি এমন এক বাংলাদেশ দেখতে চায় যেখানে সরকার, রাজনীতি, ব্যবসা-বাণিজ্য, নাগরিক সমাজ ও সাধারণ মানুষের জীবন হবে দুর্নীতির প্রভাব থেকে মুক্ত। এ লক্ষ্যে নীতি ও প্রাতিষ্ঠানিক সংস্কার অনুঘটনে টিআইবি গবেষণা কার্যক্রম ও তার ভিত্তিতে কার্যকর নীতি প্রণয়নে অ্যাডভোকেসি ও নাগরিক সম্পৃক্ততামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই অংশ হিসেবে ধারাবাহিক ও সমসাময়িক বিভিন্ন বিষয়ের ওপর টিআইবি পলিসি ব্রিফ প্রণয়ন করে থাকে।

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫), বাড়ি ০৫, সড়ক ১৬ (নতুন) ২৭ (পুরাতন), ধানমণ্ডি, ঢাকা ১২০৯। ফোন: +৮৮০ ২ ৯১২৪৭৮৮-৮৯, ৯১২৪৭৯২
ফ্যাক্স: +৮৮০ ২ ৯১২৪৯১৫, info@ti-bangladesh.org, www.ti-bangladesh.org, www.facebook.com/TIBangladesh